সংবাদ

তারিখ ... 24 FEB 2009 ...
পৃষ্ঠা ... ১৪ কলাম ... ১ ...

# দেশে একমুখী শিক্ষা চালুর ঘোষণা দিলেন শিক্ষামন্ত্রী

চট্টগ্রাম ব্যুরো

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রাথমিক স্তরের শিক্ষাক্ষেত্রে বৈষম্য কমাতে একমুখী শিক্ষাব্যবস্থা চালু করা হবে। এজন্য ইংলিশ মিডিয়াম থেকে শুরু করে মাদ্রাসা পর্যন্ত সব স্তরে শিশুদের একই সিলেবাসে পড়ানো বাধ্যতামূলক করা হবে। গতকাল রোববার বিকেলে চট্টগ্রাম সার্কিট হাউজে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শিক্ষাব্যবস্থা নিয়ে আয়োজিত এক মতবিনিময় সভায় এসব কথা বলেন শিক্ষামন্ত্রী। তিনি আরও বলেন, প্রাথমিক স্তরে আমাদের দেশে ১১ ধরনের শিক্ষাব্যবস্থা চালু আছে। তিনি এই শিক্ষাব্যবস্থাকে বৈষম্যমূলক শিক্ষাব্যবস্থা হিসেবে উল্লেখ করে বলেন, এখন শহরে- শহরে পার্থক্য, গ্রামে-শহরে পার্থক্য বিরাজ করছে। তাই সরকার সব স্তরে একই ধরনের শিক্ষাব্যবস্থা চালু করার উদ্যোগ নিয়েছে। তিনি বৈষম্য দূর করার জন্য শিক্ষার সুযোগ সবার জন্য উন্মুক্ত করে দেয়ার কথা বলেন। এজন্য তিনি সবার সহযোগিতা কামনা করেন।

মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী শিক্ষাক্ষেত্রে কোন অনিয়ম, দুর্নীতি সহ্য করা হবেনা বলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সতর্ক করে দেন। চট্টগ্রামের জেলা প্রশাসক আশরাফ শামীমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ভৌতবিজ্ঞানী ড. জামাল নজরুল ইসলাম, সমাজবিজ্ঞানী ড. অনুপম সেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এম বদিউল আলমসহ চট্টগ্রামের প্রবীণ শিক্ষাবিদ, বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বিভাগগুলোর কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরে শিক্ষামন্ত্রী বান্দরবানে সড়ক দুর্ঘটনায় আহত চট্টগ্রাম কলেজের শিক্ষার্থীদের দেখতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে যান।